



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৭

তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

বিষয়: বাগেরহাট জেলার সদর উপজেলাধীন যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ-এর কৃষিশিক্ষা বিষয়ের সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব বরুন কান্তি বিশ্বাস-এর উক্ত প্রতিষ্ঠানের চাকুরী হতে অব্যাহতি চেয়ে পদত্যাগপত্র গ্রহণে বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সম্মতি প্রদান প্রসঙ্গে

সূত্র: ক) অধ্যক্ষের ১২-০১-২০১৯ খ্রি. তারিখের আবেদন

খ) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ২০-১২-২০২১ খ্রি. তারিখের ৭২ তম সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার সদর উপজেলাধীন যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজের কৃষিশিক্ষা বিষয়ের সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব বরুন কান্তি বিশ্বাস-এর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বাদী ও বিবাদী উভয় পক্ষের উপস্থিতিতে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭২ তম সভায় বিশদভাবে পর্যালোচনা করা হয়। আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭০তম সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে অভিযোগের বিষয়টি তদন্ত করে একটি প্রতিবেদন প্রেরণের জন্য গত ২২-১১-২০২০ খ্রি. তারিখে জেলা প্রশাসক, বাগেরহাটকে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হলেও অদ্যাবধি তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। ৭২তম সভায় বিবাদী জনাব বরুন কান্তি বিশ্বাস সশরীরে উপস্থিত হয়ে জানান যে, তিনি কলেজের চাকুরী থেকে অব্যাহতি চেয়ে পদত্যাগ পত্র জমা দিয়েছেন। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান যে, বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির আপত্তি না থাকলে কলেজ কর্তৃপক্ষের বিবাদীর পদত্যাগপত্র গ্রহণ করতে আপত্তি নেই। অপরদিকে, বিবাদীর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ার মত পর্যাপ্ত তথ্য-উপাত্ত পাওয়া যায়নি। দীর্ঘ শুনানী শেষে বিবাদী ও বাদীর পদত্যাগপত্র প্রদানের ও গ্রহণের প্রস্তাবে কমিটির সদস্যগণ সর্বসম্মতিক্রমে সম্মতি জ্ঞাপন করেন।

এমতাবস্থায়, বিবাদী ও বাদীর পদত্যাগপত্র প্রদান ও গ্রহণে আপত্তি না থাকায় বিবাদী জনাব বরুন কান্তি বিশ্বাস-এর পদত্যাগপত্র গ্রহণে এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সম্মতি জ্ঞাপন প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে অবহিত করা হলো।

৬-১-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

সভাপতি, গভর্নিং বডি, যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ  
বাগেরহাট সদর, বাগেরহাট

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৭/১(৬)

তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট

- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) অধ্যক্ষ, যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ, বাগেরহাট সদর, বাগেরহাট
- ৫) জনাব বরুন কান্তি বিশ্বাস, সহকারী শিক্ষক, কৃষিশিক্ষা(সাময়িক বরখাস্তকৃত), যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ, দশানী, বাগেরহাট সদর, বাগেরহাট
- ৬) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



৬-১-২০২২

কে এম রক্বানী  
কলেজ পরিদর্শক